বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিমিটেড

BANGLADESH DEVELOPMET **BANK LTD.**

A STATE OWNED BANK

এষ্টাবলিশমেন্ট এন্ড কমন সার্ভিস ডিপার্টমেন্ট

নং-০৬.৪(১)/৩০/

আগষ্ট ০২, ২০২১
শ্রাবণ ১৮, ১৪২৮

মেসার্স নাজমুল ট্রেডার্স পলওয়েল সুপার মার্কেট দোকান নং ৬৩ ঢাকা-১০০০।	বিল্লাল টেইলার্স ৩৪, মধ্য বাসাবো ঢাকা-১২১৪।	মেসার্স অহন এন্টারপ্রাইজ ২৩ নং বাড়ী, জিরো গলি, দক্ষিণগাঁও ঢাকা-১২১৪।	মেসার্স হাসান এন্টারপ্রাইজ আমান উল্লাহ সুপার মার্কেট ১২ নং দোকান খিলগাঁও রেলগেট ঢাকা-১২১৪।	দি নিউ সুপার স্টার টেইলার্স বাড়ী নং ২৩৮, মধ্য বাসাবো, ঢাকা-১২১৪।	লাকী টেইলার্স ৩৫/ডি-৩, উত্তর বাসবো, ঢাকা-১২১৪।

বিষয় ঃ ব্যাংকের পোষাক পাওয়ারযোগ্য কর্মচারীদের ২০২১ সালে জন্য প্রদেয় গ্রীষ্মকালীন কাপড় ক্রয়ের দরপত্র আহ্বান।

প্রিয় মহোদয়,

এ ব্যাংকের পোষাক পাওয়ারযোগ্য কর্মচারীদের নিম্নে বর্ণিত বিবরণ ও শর্তাধীনে ২০২১ সালের গ্রীষ্মকালীন পোষাকের কাপড় ক্রয়ের জন্য আপনাদের প্রতিষ্ঠান হতে নিজস্ব প্যাডে সীলমোহরযুক্ত মুখবন্ধ খামে দরপত্র আহ্বান করা যাচ্ছে ঃ-

ক্রমিক নম্বর	কাপড়ের বিবরণ	কাপড়ের পরিমাণ(গজ)	প্রতিগজের মুল্য	মোট টাকা
(১)	**৪৩ জন সিকিউরিটি ষ্টাফ (সিনিয়র ব্যাংক গার্ড, ব্যাংক গার্ড, সিনিয়র সিকিউরিটি গার্ড ও সিকিউরিটি গার্ড)ঃ** ক) **হালকা নীল/আকাশী** রংয়ের উন্নতমানের ৪৫´´ বহরের ৬৫ঃ৩৫ টেট্রন-কটন শার্টের কাপড় (ফুল শার্ট প্রতিটি ২.০০ গজ) (৪৩ জনের জন্য ২.০০ গজ করে ২ সেট); খ) **নেভি ব্লু** রং'য়ের ৫৪´´-৫৬´´ বহরের টেট্রন-কটন মিশ্রিত ফুল প্যান্টের কাপড় (প্রতিটি ১.২৫ গজ) (৪৩ জনের জন্য ১.২৫ গজ করে ২ সেট);	১৭২ গজ ১০৭.৫০ গজ		
(২)	**৭৮ জন কর্মচারী(মহিলা কর্মচারী ব্যতীত) ঃ** ক) **সাদা** রংয়ের উন্নতমানের ৪৫´´ বহরের ৬৫ঃ৩৫ টেট্রন-কটন শার্টের কাপড় (ফুল শার্ট প্রতিটি ২.০০ গজ)(৭৮ জনের জন্য ২ গজ করে ২ সেট) খ) **কালো** র'য়ের ৫৪´´-৫৬´´ বহরের টেট্রন-কটন মিশ্রিত ফুল প্যান্টের কাপড় (প্রতিটি ১.২৫ গজ)(৭৮ জনের জন্য ১.২৫ গজ করে ২ সেট)	৩১২ গজ ১৯৫ গজ		
(৩)	**৭ জন অন্যান্য কর্মচারী (টেকনিক্যাল) (মহিলা কর্মচারী ব্যতীত)ঃ** ক) **ফিরোজা** রংয়ের উন্নতমানের ৪৫´´ বহরের ৬৫ঃ৩৫ টেট্রন-কটন শার্টের কাপড়(ফুল শার্ট প্রতিটি ২.০০ গজ) (৭ জনের জন্য ২.০০ গজ করে ২ সেট); খ) **ডার্ক ব্রাউন** রং-এর ৫৪´´-৫৬´´ বহরের টেট্রন-কটন মিশ্রিত ফুল প্যান্টের কাপড় (প্রতিটি ১.২৫ গজ) (৭ জনের জন্য ১.২৫ গজ করে ২ সেট)।	২৮ গজ ১৭.৫০ গজ		

দরপত্রের শর্তাবলী ঃ

১। দরদাতা প্রতিষ্ঠানের নিজস্ব লেটার হেড প্যাডে ফরওয়ার্ডিং-এ প্রাধিকার প্রাপ্ত প্রতিনিধির সীল স্বাক্ষরসহ দরপত্র জমা দিতে হবে ;

২। ব্যাংকের স্পেসিফিকেশন অনুযায়ী প্রস্তাবিত কাপড় উন্নতমানের হতে হবে এবং দরপত্রের সাথে ৬´´X ৬´´ মাপের প্রত্যেক কাপড়ের নমুনা দাখিল করতে হবে। নমুনা ব্যতিরেকে কোন দরপত্র গ্রহণযোগ্য হবে না;

৩। দরপত্রে আলাদা আলাদাভাবে কাপড়ের প্রতিগজের মূল্য এবং মোট মূল্য উল্লেখ করতে হবে;

ক্রমশ পৃষ্ঠা/২

৪। কৃতকার্য দরপত্র প্রাপ্ত প্রতিষ্ঠানকে সরবরাহতব্য কাপড়ের মোট মূল্যের ১০% পারফরম্যান্স সিকিউরিটি মানি হিসেবে বাংলাদেশের যে কোন তফসিলী ব্যাংক থেকে পে-অর্ডার/ডিমান্ড ড্রাফট আকারে **"বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিমিটেড"**-এর অনুকুলে জমা দিতে হবে যা সুষ্ঠুভাবে কাপড় সরবরাহের পর আবেদন সাপেক্ষে ফেরত দেয়া হবে;

৫। অনুমোদিত নমুনা অনুযায়ী হুবহু রং এবং মানের কাপড় সরবরাহ করতে হবে;

৬। দরপত্র দাখিলের সময় হালনাগাদ ট্রেড লাইসেন্স ও অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্রের সত্যায়িত চিত্রলিপি দাখিল করতে হবে;

৭। দরপত্রের মেয়াদ ন্যূনতম ৬০(ষাট) দিন পর্যন্ত বলবৎ থাকবে;

৮। প্রস্তাবিত সম্পূর্ণ কাপড় নিজ ব্যয়ে ব্যাংক ভবনে এনে মেপে সরবরাহ করতে হবে এবং কোন প্রকার কাটপিস গ্রহণ করা হবে না;

৯। ব্যাংক কর্তৃক নির্ধারিত সময় সীমার মধ্যে কাপড় সরবরাহের কাজ সমাপ্ত করতে হবে, অন্যথায় কার্যাদেশের পর কাপড় সরবরাহে অপারগ হলে জমাকৃত পারফরম্যান্স সিকিউরিটি মানি ব্যাংকের অনুকূলে বাজেয়াপ্ত করাসহ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের বিরুদ্ধে নিয়ম অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে;

১০। অনুমোদিত নমুনার কাপড় সরবরাহের পর এবং ব্যাংকের অনুমোদিত বর্ণনা অনুযায়ী মালামাল (পোষাকের কাপড়) সরবরাহ করা হয়েছে মর্মে মালামাল গ্রহণ কমিটির প্রত্যয়নপত্র প্রাপ্তি সাপেক্ষে পে-অর্ডারের মাধ্যমে মূল্য পরিশোধ করা হবে এবং প্রযোজ্য ক্ষেত্রে সরকারী বিধি অনুযায়ী পরিশোধিতব্য বিলের অংক হতে আয়কর ও ভ্যাট ইত্যাদি কেটে রাখা হবে ;

১১। কার্যাদেশ প্রদানের ৩(তিন) সপ্তাহের মধ্যে কার্যাদেশে বর্ণিত পোষাকের কাপড় সরবরাহ করতে হবে;

১২। প্রয়োজন বোধে কাপড়ের পরিমাণ বাড়ানো বা কমানো যাবে এবং তাতে উদ্ধৃত দরের কোন পরিবর্তন হবে না;

১৩। দরপত্র ১০/০৮/২০২১ তারিখে বেলা ১২.০০ ঘটিকা পর্যন্ত ব্যাংক ভবনের (লেভেল-৯)-এ এষ্টাবলিশমেন্ট এন্ড কমন সার্ভিস ডিপার্টমেন্টে দাখিল করা যাবে যা নিয়মানুযায়ী টেন্ডার ইভ্যালুয়েশন কমিটি বরাবরে প্রেরণ করা হবে ;

১৪। ব্যাংক কোন কারণ দর্শানো ব্যতীরেকে যে কোন দরপত্র সম্পূর্ণ বা আংশিক গ্রহণ বা সকল দরপত্র বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে এবং এ'বিষয়ে ব্যাংকের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে; এবং

১৫। পাবলিক প্রকিউরমেন্ট আইন-২০০৬ ও পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ এর বিধি ৬৯-(১) মোতাবেক অভ্যন্তরীন ক্রয় কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন পদ্ধতি (Request for Quotation Method) অর্থাৎ ৬৯-(১) বিধি অনুযায়ী আলোচ্য দরপত্র কার্যক্রম পরিচালিত হবে।

০২। উপরোক্ত শর্তাবলী গ্রহণীয় হলে নির্ধারিত সময়ের মধ্যে দরপত্র দাখিলের জন্য আপনাদেরকে অনুরোধ করা হ'ল।

ধন্যবাদান্তে,

আপনার বিশ্বস্ত,
স্বাঃ/-
(আবদুল্লাহ-আল বাসেদ)
ডেপুটি জেনারেল ম্যানেজার

অনুলিপি ঃ

২৮৫৭ (১) ডেপুটি জেনারেল ম্যানেজার, আইটি অপারেশন ডিপার্টমেন্ট, বিডিবিএল, হেড অফিস, ঢাকা। আলোচ্য দরপত্রটি ওয়েবসাইট-এর মাধ্যমে প্রচার করার জন্য অনুরোধ করা হ'ল।

(২) প্রিন্সিপাল অফিসার-১, এষ্টাবলিশমেন্ট এন্ড কমন সার্ভিস ডিপার্টমেন্ট, বিডিবিএল, হেড অফিস,ঢাকা।

ডেপুটি জেনারেল ম্যানেজার